

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/৫৭ এম জিটি এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ১৪৬৪	তারিখঃ- ১৭/৩/২২	সংক্রান্ত নং- ১৪	
অ.সং:	সং.সং:	উ.বি.সং:	সি.সং:
			N

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৯৯.২১.৪২১

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৯

২৮ মে ২০২২

বিষয়: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ঢাকাস্থ রমনা পার্কের অবকাঠামোগত উন্নয়ন এবং রমনা লেকসহ সার্বিক সৌন্দর্য বৃদ্ধিকরণ' শীর্ষক অনুমোদিত প্রকল্পের (প্রকল্প কোড ২২৪২৭৪২০০) অনুকূলে চলতি ২০২১-২০২২ আর্থিক সালে ৪র্থ কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২১-২০২২ আর্থিক সালে খরচ করার জন্য জন্য ৪র্থ কিস্তি বাবদ ৬০৪.৯৬ লক্ষ (ছয় কোটি চার লক্ষ ছিয়ানব্বাই হাজার) টাকা মাত্র নিম্ন বিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলো :

কোড/ খাতের বিবরণ	অর্থ বরাদ্দ (লক্ষ টাকা)			গণপূর্ত বিভাগ
	আবর্তক	মূলধন	মোট	
৪১১১২০১	অনাবাসিক ভবন	--	৬০৪.৯৬	১১৮৯১৭-নগর গণপূর্ত বিভাগ, ঢাকা

উক্ত খরচ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা ও প্রকল্প পরিচালক এর স্মারক নং-/২৩৭৩ তারিখ ১৭/০৫/২০২২খ্রিঃ এর দ্বারা মঞ্জুরিকৃত ৬০৪.৯৬ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-২৯, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, হিসাবের কোড নং-৫-১৩২০৫০১-২২৪২৭৪২০০-৪১১১২০১ খাতে চলতি ২০২১-২০২২ আর্থিক সালে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

শর্তসমূহ :

- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA)-2006 এবং Public Procurement Rules (PPR)-2008 (সর্বশেষ সংশোধনী: হ) এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপিপি অংগভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।
- এ অর্থ সিডি/ভ্যাট খাতে ব্যয় করা যাবে না।
- অর্থ ব্যয়/ এ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসেব অত্র দপ্তরে দাখিল করতে হবে।
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথা সময়ে এ দপ্তরে সমর্পণ করতে হবে।